দৈনিক ইত্তেফাক

তারিখ 15 AUG 2008

পরীক্ষা চলাকালে ছাত্র বহিষ্কারের জের

# ঢাকা ও বাঙলা কলেজের ছাত্রদের সংঘর্ষে আহত ১০ ॥ গাড়ি ভাংচুর

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ঢাকা কলেজ ও মিরপুর সরকারি বাঙলা কলেজের ছাত্রদের মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম ও ২য় বর্ষের পরীক্ষায় ঢাকা কলেজের দুই পরীক্ষার্থীকে বহিষ্কারের জের ধরে বৃহস্পতিবার মিরপুর সরকারি বাঙলা কলেজে এ ঘটনা ঘটে। আহতদের সবাই ঢাকা কলেজের ছাত্র। ঢাকা কলেজের বিক্ষুব্ধ ছাত্ররা ৫/৬টি গাড়ি ভাংচুর করে। তারা মিরপুর টেকনিক্যাল মোড়ে রাস্তায় ব্যারিকেড দিয়ে যানবাহন চলাচল বন্ধ করে দেয়। পরে পুলিশের মধ্যস্থতায় ছাত্ররা ব্যারিকেড তুলে নেয়। ঢাকা কলেজের ছাত্ররা এ ঘটনার প্রতিবাদে তাদের ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে।

ঢাকা কলেজের ছাত্ররা জানায়, বৃহস্পতিবার ছিল বিভিন্ন বিভাগের অনার্স ১ম ও ২য় বর্ষের ফাইনাল পরীক্ষা। ঢাকা কলেজের সিট পড়ে মিরপুর সরকারি বাঙলা কলেজে। সকাল ৯টায় পরীক্ষা শুরু হয়। পুলিশের মিরপুর বিভাগের অতিরিক্ত উপ-কমিশনার (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা ও বাংলা কলেজের

(প্রথম পৃঃ পর)

নিজামুল হাসান মোল্লা জানান, পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে দুই ছাত্রকে বহিষ্কার করা হয়। বেলা ১২টার দিকে পরীক্ষা শেষ হওয়ার পর ছাত্ররা কলেজের একাডেমিক ভবনের সামনে অবস্থান নেয়। তারা বাঙলা কলেজের ছাত্রদের কাছে তাদের ছাত্র বহিষ্কারের কারণ জানতে চায়। এ নিয়ে দুই কলেজের ছাত্রদের মধ্যে বাক-বিতণ্ডা হয়। এক পর্যায়ে বাঙলা কলেজের ছাত্ররা লাঠি-সোটা নিয়ে ঢাকা কলেজের ছাত্রদের ওপর হামলা চালায়। ঢাকা কলেজের ছাত্ররাও ইট-পাটকেল ছুঁড়তে থাকে। এতে ঢাকা কলেজের কামরুল (২২) ভূগোল ১ম বর্ষ, ইমরুল, দর্শন ১ম বর্ষ, খলিল ১ম বর্ষ সমাজ কল্যাণ, মর্তুজা (২১), দর্শন ১ম বর্ষ, হোসেন আলী, দর্শন ২য় বর্ষসহ ১০ ছাত্র আহত হয়। তাদেরকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাঙলা কলেজের ছাত্ররা ঢাকা কলেজের ছাত্রদের ধাওয়া করে কলেজ থেকে বের করে দেয়। ঢাকা কলেজের ছাত্ররা কলেজের সামনে ৬টি গাড়ি ও ১টি মোটরসাইকেল ভাংচুর করে। তারা একটি মিছিল নিয়ে টেকনিক্যাল মোড়ে যায়। সেখানে রাস্তায় অবস্থান করে যানবাহন চলাচল বন্ধ করে দেয়।

এ ব্যাপারে পুলিশের মিরপুর বিভাগের উপ-কমিশনার আনোয়ার হোসেন জানান, ঘটনার পর ছাত্রদের ছত্রভঙ্গ করতে পুলিশ তাদেরকে জোর করে গাড়িতে তুলে ঢাকা কলেজে পাঠিয়ে দেয়। হামলার খবর ছড়িয়ে পড়লে কলেজের হোস্টেল থেকে প্রায় দুই-তিনশ ছাত্র বেরিয়ে আসে। তারা ঘটনার বিচার চেয়ে কলেজের প্রধান ভবনের সামনে বিক্ষোভ মিছিল করে।